# বেড়ানোর একদিন





এক ছিল পেঁচা। আর এক ছিল কাক।
ওরা দুই বন্ধু।




পেঁচা আর কাক বেড়াতে খুব পছন্দ করে। একদিন ওরা পানির নিচে বেড়াতে যাবে ঠিক করল। উড়তে উড়তে নদীর তীরে পৌঁছাল ওরা।



সেখানে এক ব্যাঙের সাথে তাদের দেখা হলো।
ব্যাঙ বলল, আমিও যাব তোমাদের সাথে।



নদীতে ছিল বড় এক বোয়াল মাছ। সেখানে আরও আছে পুঁটি, টেংরা, শিং, মাগুর ও নানা রকমের মাছ। তবে বোয়াল হলো রাজা। সবাই বোয়ালকে খুব ভয় পায়।



পেঁচা আর কাক বোয়ালকে বলল, আমাদের পানির নিচে বেড়াতে নেবে? আশ্চর্য! বোয়াল ওদের কথায় রাজি হলো।
ওরা বোয়ালের পিঠে চড়ে বসল।



CYAN MAGENTA YELLOW BLACK



বোয়লের পিঠে চড়ে যেতে যেতে

ওরা নদীর তীরে কাশফুল দেখল । দেখল পানির রং নীল ।
পানিতে নিজেদের ছবি দেখল ।

তারপর টুপ করে পানির নিচে চলে গেল। পেঁচা পাখা ছড়িয়ে দিল, ব্যাঙ কানে হাত দিল আর কাক অবাক হয়ে তাকিয়ে রইল।






একটু পরে সবাই আনন্দে চেঁচিয়ে বলল, একি! পানির নিচে কত মাছ! অনেক রঙের মাছ! দারুণ তো!



আনন্দ করতে করতে হঠাৎ বোয়ালের পিঠ থেকে
পেঁচা, ব্যাঙ আর কাক পড়ে গেল পানিতে।





পেঁচা আর কাক কোনোমতে উড়ে পানি থেকে বেরিয়ে এলো । কিন্তু ব্যাঙ চিৎকার করতে লাগল , বাঁচাও বাঁচাও, কাতলা মাছ আমাকে খেয়ে ফেলল ।



কাক আর পেঁচা ভাবছে, ব্যাঙকে বাঁচাতে হবে ।
বোয়াল রেগে কাতলা মাছের দিকে ছুটল ।
বোয়াল আর কাতলা মাছে লাগল ঝগড়া ।



এদিকে পেঁচা আর কাক দুজনে মিলে ছোঁ মেরে ব্যাঙকে তুলে নিল ।



তারপর থেকে ওরা চারজন বন্ধু হয়ে গেল।




জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

২০১৭